

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৩০

পর্ব - ৮ঃ বিবাহ (১যা)

পরিচ্ছেদঃ ৩. মাহরানার বিবরণ - স্বামীর পক্ষ থেকে স্ত্রী এবং তার অভিভাবকদেরকে উপটোকন দেয়ার বিধান

## আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ, عَنْ أَبِيهِ, عَنْ جَدّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «أَيُّمَا امْرَأَةٍ نَكَحَتْ عَلَى صَدَاقٍ, أَوْ حِبَاءٍ, أَوْ عِدَةٍ, قَبْلَ عِصْمَةِ النِّكَاحِ, فَهُوَ لَهَا, وَمَا كَانَ بَعْدَ عِصْمَةِ النِّكَاحِ, فَهُوَ لِمَنْ أُعْطِيَهُ, وَأَحَقُّ مَا أُكْرِمَ الرَّجُلُ عَلَيْهِ ابْنَتُهُ, أَوْ أَخْتُهُ. رَوَاهُ أَحْمَدُ, وَالْأَرْبَعَةُ إِلَّا التِّرْمِذِيَّ

ضعيف. رواه أحمد (2/ 182)، وأبو داود (2129)، والنسائي (6/ 120)، وابن ماجه (1955) من طريق ابن جريج، عن عمرو، به. وعلته عنعنة ابن جريج، فهو مدلس

## বাংলা

১০৩০। আমর ইবনু শু'আইব (রাঃ) থেকে বর্ণিত, তিনি তার পিতা হতে, তিনি তাঁর দাদা থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, অনুষ্ঠানের পূর্বে যে উপঢৌকন, হাদিয়া (উপহার) ইত্যাদি দেয়া হয় তা নারীর প্রাপ্য এবং বিবাহের পর দেয় বস্তুসমূহ সেই পাবে, যাকে তা দান করা হয় বা যার জন্য তা আনা হয়। কোন ব্যক্তির সর্বাধিক অনুগ্রহ পাওয়ার অধিকারী হলো তার বোন অথবা তার কন্যা।[1]

## ফুটনোট

[1] শাইখ আলবানী যঈফ আবূ দাউদ২১২৯, সিলসিলা যঈফা ১০০৭, যঈফুল জামে ২২২৯, যঈফ নাসায়ী ৩৩৫৩ গ্রন্থসমূহে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম শাওকানী নাইলুল আওত্বার ৬/৩২০ গ্রন্থে বলেন, আমর ইবনু শুআইব কর্তৃক তার পিতা থেকে, (বর্ণিত হাদীস হাসান)। আর এ সানাদে আমর ব্যতীত সকলেই বিশ্বস্ত। ইমাম সুয়ৃত্বী আল জামেউস সগীর ২৯৯৩ গ্রন্থে একে হাসান বলেছেন। বিন বায তার হাশিয়ায় ৫৯৬ এর সানাদকে



উত্তম বলেছেন। আহমাদ শাকেরও মুসনাদ আহমাদ ১০/১৭৯ গ্রন্থে এর সানাদকে সহীহ বলেছেন। ইমাম শাওকানী তাঁর আস সাইলুল জাররার ২/২৮৬ গ্রন্থে বলেন, এ হাদীস সম্পর্কে কোন মতভেদ নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন